

সাত কলেজে অন্তর্বর্তী প্রশাসন, প্রশাসক হচ্ছেন অধ্যাপক ইলিয়াস

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ২২:৪২, ১৮ মে ২০২৫



ছবি: সংগৃহীত

রাজধানীর সরকারি সাত কলেজের প্রশাসকের দায়িত্ব পেতে যাচ্ছেন ঢাকা কলেজের সদ্য সাবেক অধ্যক্ষ অধ্যাপক এ কে এম ইলিয়াস। আগামী দুই বছরের জন্য তাকে ঢাকা


কলেজের অধ্যক্ষ হিসেবে চুক্তিভিত্তিক নিয়োগ দিয়েছে অন্তর্বর্তী সরকার। তাকে প্রশাসক করা হবে। ঢাকা কলেজই হবে অন্তর্বর্তী প্রশাসনের প্রধান দপ্তর।



রবিবার (১৮ মে) রাতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) একজন সদস্য এ তথ্য নিশ্চিত করেছেন।



এদিকে, চাকরির মেয়াদ শেষ হওয়ায় চুক্তিভিত্তিতে অধ্যাপক এ কে এম ইলিয়াসকে ঢাকা কলেজের অধ্যক্ষ হিসেবে নিয়োগ দিয়ে রবিবার প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। যোগদানের তারিখ থেকে পরবর্তী দুই বছর মেয়াদে তাকে এ নিয়োগ দেওয়া হয়েছে।



নয় বছরের আমানের বিশ্বরেকর্ড | News | ...



Watch on 

নয় বছরের আমানের বিশ্বরেকর্ড | News | Sports | Janakantha

সাত সরকারি কলেজ হলো ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, সরকারি বাঙলা কলেজ ও সরকারি তিতুমীর কলেজ। কলেজগুলোতে নিয়মিত শিক্ষার্থী প্রায় দুই লাখ। শিক্ষক এক হাজারেরও বেশি।